Australian Centre for
**Disability Law**

Bengali | বাংলা

পার্ট 4

যোগাযোগ

# স্কুলে আপনার প্রয়োজনীয় সাহায্যটি পাওয়া









www.disabilitylaw.org.au

ইজি রিড (সহজে পড়া যায়)

# বিষয়বস্তু


| | |
|---|---|
| এই টুলকিট সম্পর্কে | 2 |
| যোগাযোগ | 3 |
| ভর্তির আগে | 4 |
| ভর্তির সময় | 7 |
| স্কুল শুরুর সময় | 10 |
| যখন কিছু পরিবর্তন হয় | 12 |
| পরিবারের জন্য টিপস | 13 |
| ইমেল লেখার জন্য টিপস | 14 |
| সহায়ক সরঞ্জাম | 16 |



তথ্য, যোগাযোগ এবং ক্যাপাসিটি বিল্ডিং (ILC) প্রোগ্রামের অংশ হিসাবে এই তথ্যটি অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিস দ্বারা অর্থায়িত।

কাউন্সিল ফর ইন্টেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি এই নথিটিকে ইজি রিড করেছে। একে সংক্ষেপে **CID** বলা হয়। আপনি যদি এই নথিতে কোনও ছবি ব্যবহার করতে চান তবে আপনাকে CID-কে জিজ্ঞাসা করতে হবে। আপনি CID এর সাথে **business@cid.org.au** তে যোগাযোগ করতে পারেন।

# পার্ট 4
# যোগাযোগ







# এই টুলকিট সম্পর্কে




এই টুলকিটটি অস্ট্রেলিয়ান সেন্টার ফর ডিসেবিলিটি ল থেকে নেয়া।

একটি **টুলকিট** আপনাকে এমন জিনিস সম্পর্কে ধারণা দেয় যা আপনার জানা বা করা উচিত।




এই টুলকিট এমন শিক্ষার্থীদের জন্য যারা NSW এর মূলধারার স্কুলে যায়।



এছাড়াও এটা তাদের জন্য

- যারা TAFE, বিশ্ববিদ্যালয় বা অন্যান্য জায়গায় শেখার উদ্দেশ্যে যায়
- পরিবার এবং পরিচর্যাকারী



টুলকিটটি আপনাকে শেখার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে আপনার স্কুলের সাথে কীভাবে কথা বলতে হবে তা জানতে সাহায্য করবে।


এই টুলকিটে 6টি অংশ রয়েছে।

# যোগাযোগ



এই অংশে স্কুলের সাথে আপনার যোগাযোগ সম্পর্কে বলা হয়েছে।

**যোগাযোগ** মানে স্কুলের সাথে কথা বলা।



এটি আপনাকে এবং আপনার পরিবারকে বলে দিবে যে আপনার প্রয়োজন সম্পর্কে স্কুলের সাথে কীভাবে কথা বলতে হবে।

কখন আপনার স্কুলের সাথে কথা বলা উচিত এটি আপনাকে তাও বলে দেবে।



আপনি, আপনার পরিবার ও পরিচর্যাকারী এবং স্কুলকে অবশ্যই একটি দল হিসাবে এক হয়ে কাজ করতে হবে।

# ভর্তির আগে



ভর্তির আগে স্কুলের সাথে সবকিছু নিয়ে কথা বলা ভালো।

**ভর্তি** মানে স্কুলে যোগদান করা।



আপনার এলাকায় 1টির বেশি স্কুল থাকতে পারে যেগুলোর একটিতে আপনি যেতে পারেন।



আপনি যদি স্কুলগুলির মধ্যে থেকে একটি বেছে নিতে চান তবে আপনি কী ধরণের স্কুল চান তা নিয়ে ভাবুন।

স্কুলের আকার এবং আপনার কি ধরনের সহায়তার প্রয়োজন হবে সে সম্পর্কে চিন্তা করুন।



আপনি যখন স্কুলটিকে ঘুরে দেখবেন তখন এটি আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে সহায়তা করবে।

**স্কুল ট্যুর** মানে আপনি সরজমিনে যান এবং স্কুলের চারপাশ একবার ঘুরে দেখুন।



স্কুল সম্পর্কে আপনি যতটা পারেন তথ্য খুঁজে বের করুন।




আপনি সামাজিক মিডিয়াতে দেখতে পারেন।



স্কুলটি সম্পর্কে জানেন এলাকার এমন লোকেদের কাছে জিজ্ঞাসা করতে পারেন।



বিদ্যালয়টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য পরিবর্তন আনতে ইচ্ছুক কিনা তা খুঁজে বের করুন।




কিছু ওয়েবসাইটে স্কুল সম্পর্কিত তথ্য পাওয়া যায়।



ইতিমধ্যেই প্রতিবন্ধীদের জন্য কী ধরণের সহায়তা আছে আপনি তা স্কুলকে জিজ্ঞাসা করতে পারেন।




স্কুলের স্থান এবং আপনার প্রয়োজনীয় পরিবর্তনগুলি সম্পর্কে চিন্তা করুন।

# ভর্তির সময়



আপনি একটি স্কুল বেছে নেওয়ার পর আপনাকে অবশ্যই ভর্তি হতে হবে।



ভর্তি হওয়ার সময় আপনি স্কুলকে আপনার সম্পর্কে কিছু তথ্য দিতে পারেন।



আপনার প্রতিবন্ধীত্ব এবং তাদের সাথে দেখা করার আগে আপনার যে বিষয়গুলি শিখতে হবে সে সম্পর্কে স্কুলকে জানিয়ে রাখা ভাল।



তাদেরকে আপনি এবং আপনার পরিবারের সাথে দেখা করতে বলুন।




আপনি যে সকল বিষয়ে কথা বলতে চান তা লিখুন।

আপনি আলোচনার সময় আপনার সম্পর্কিত তথ্য সাথে নিয়ে আনতে পারেন।

এমন হতে পারে যেমন



- আপনার মেডিকেল রিপোর্ট



- আপনার জন্য সমন্বয় প্রয়োজন হতে পারে




- আপনার লক্ষ্য



- অন্যান্য স্কুলে আপনাকে সাহায্য করেছে এমন জিনিসগুলির একটি তালিকা




আলোচনার পরে স্কুলে একটি ইমেল পাঠান।

ইমেইলটিতে লেখা উচিত

- আপনি কী কী জিনিস চেয়েছিলেন
- স্কুলগুলো কোনগুলোতে হ্যাঁ বলেছিল
- আপনি স্কুল থেকে আরও কী কী চান




স্কুল শুরু হওয়ার আগে একটি পরিকল্পনা করা ভাল।

পরিকল্পনায় লিখতে হবে কখন জিনিসগুলি ঘটবে এবং কে সেগুলি করবে।




আপনার প্রতিবন্ধীত্বের কারণে স্কুল আপনাকে ভর্তি করতে না চাইলে আপনার পরিবার অভিযোগ করতে পারে।

আমরা পার্ট 5-এ অভিযোগের জন্য আপনাকে কিভাবে সাহায্য করি তা লেখা আছে।

# স্কুল শুরুর সময়




স্কুল শুরু হলে স্কুলের সাথে কীভাবে যোগাযোগ হবে তা আপনার পরিবারকে খুঁজে বের করতে হবে।





স্কুল হয়ত আপনাকে ইমেইল করতে বলতে পারে।

ইমেলে কী বলা যাবে বা কী যাবেনা সে সম্পর্কে কথা বলুন।




স্কুল কম্পিউটার বা ফোনে স্কুল অ্যাপ ব্যবহার করতে পারে।



স্কুলে 1 জন পরিচিত ব্যক্তি থাকা ভাল।



আপনার শিক্ষক এবং পরিবারের মধ্যকার কথাগুলো লিখে রাখার জন্য আপনি একটি বই ব্যবহার করতে পারেন।





আপনার দল এবং স্কুলের প্রতি বছরের শুরুতে সাক্ষাত করা উচিত।




আপনার জন্য একটি পরিকল্পনা করতে একসঙ্গে কাজ করুন।

পরিকল্পনা সম্পর্কে আরও জানতে পার্ট 3 দেখুন।




এই ভিডিওটি কিভাবে আপনার স্কুলের সাথে কথা বলবেন সে বিষয়ে

**www.nccd.edu.au/illustrations-practice/st-josephs-school-communicating-school**

# যখন কিছু পরিবর্তন হয়



স্কুলের সাথে আলোচনা করুন যদি আপনি মনে করেন কিছু


- পরিবর্তন হবে
- আলাদা হবে
- একটি নতুন কার্যকলাপ হবে



এটি আপনাকে পরিবর্তনের জন্য প্রাথমিক পরিকল্পনা করতে সাহায্য করতে পারে।



স্কুলে কিছু পরিবর্তন করার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার পরিবারের স্কুলের সাথে কথা বলার প্রয়োজন হতে পারে।



এটি স্কুলকে আপনার কী প্রয়োজন তা জানতে সাহায্য করবে।





ছোটখাট পরিবর্তনের দরকার হলে আপনার পরিবার একটি ইমেল পাঠাতে পারেন।

বড় কোন পরিবর্তনের দরকার হলে তাদের স্কুলের সাথে আলোচনা করার প্রয়োজন হতে পারে।

# পরিবারের জন্য টিপস



আপনার পরিবার স্কুলের আলোচনায় সাহায্য করার জন্য এই জিনিসগুলি করতে চাইতে পারেন।




আপনি যেসকল বিষয়ে কথা বলতে চান তার একটি তালিকা রাখুন।



পরিবারের আলোচনার সময় আপনাকে কথা বলতে দেওয়া উচিত যাতে আপনি নিজের পক্ষে কথা বলতে শিখেন।




আলোচনায় নিজের সম্পর্কে সকল গুরুত্বপূর্ণ তথ্য আনুন।

এটি আপনার প্রতিবন্ধীত্ব এবং লক্ষ্য সম্পর্কে তথ্য হতে পারে।



সভায় নোট নিন।

সেখানে যারা ছিল তাদের পরে নোটগুলি পাঠিতে দিন।

# ইমেল লেখার জন্য টিপস



আপনার ইমেলগুলিকে বোধগম্য করতে ছোট বাক্য এবং বুলেট পয়েন্ট ব্যবহার করুন।




কী কী জিনিস ভালভাবে চলছে তা স্কুলকে বলুন।



রাগান্বিত হয়ে কোন ইমেইল লিখবেন না।



পাঠানোর আগে কাউকে দিয়ে ইমেইলটি পড়ান।

ইমেইল লেখার সময় আপনি বিরক্ত বা রাগান্বিত কিনা তা গুরুত্বপূর্ণ।




স্কুলে খুব বেশি ইমেইল পাঠাবেন না।



ইমেইল সংক্ষিপ্ত করে লিখুন।




কোন কিছুতে সাহায্যের প্রয়োজন হলে চাইতে পারেন।



আপনি যখন স্কুলকে কিছু করতে বলবেন তখন আবার জিজ্ঞাসা করার আগে আপনাকে উত্তর দেওয়ার জন্য তাদের যথেষ্ট সময় দিন।

# সহায়ক সরঞ্জাম





এই ওয়েবসাইটটি আপনাকে আপনার স্কুলের সাথে কথা বলতে সাহায্য করবে

**www.inclusiveschoolcommunities.org.au/resources/toolkit/parent-perspective-tool-3-necessity-negotiation-and-compromise-your-childs-school**




এই তথ্যপত্রটি স্কুলের সাথে আপনার কথা বলা বিষয়ে

**www.dese.gov.au/download/2338/fact-sheet-4-effective-consultation/19614/document/pdf**




এই তথ্য আপনাকে শেখার সময় কী ধরণের সহায়তা লাগতে পারে তা পরিকল্পনা করতে সাহায্য করবে

**www.nccd.edu.au/sites/default/files/planning_for_personalised_learning_and_support.pdf**